

অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার ক্যার্বেলটাউন হসপিটালে দু'টি ছত্র চেয়ার প্রদান করলেন

সম্প্রতি অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার আনুষ্ঠানিকভাবে ক্যার্বেলটাউন হসপিটালকে দু'টি ছত্র ছেয়ার হস্তান্তর করেছেন। ক্যামডেন ও ক্যার্বেলটাউন হসপিটাল এবং কুইন ভিস্টোরিয়া হোম-এর জেনারেল ম্যানেজার Mrs. Amanda Larkin এর নিকট ছত্র চেয়ার দু'টি হস্তান্তর করা হয়। ছত্র চেয়ার প্রদান অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিল অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের সভাপতি ড. আবু ওমর ফারুক আহমদ, সাধারণ সম্পাদক ড. আনিষুল আফছার, কার্যকরী পরিষদের সদস্য ও এ বৎসর অস্ট্রেলিয়ান অব দ্যা ইয়ার প্রাণ্তি বিশিষ্ট সমাজ সেবক জনাব মোফাজ্জল হোসেন ভূইয়া, ক্যামডেন ও ক্যার্বেলটাউন হসপিটাল এবং কুইন ভিস্টোরিয়া হোমের Occupational Therapy Head of Department & Equipment Loan Pool (ELP) Manager Mrs. Rebecca Tyson, General Manager's Unit এর Executive Officer Eltham Cook সহ অন্যান্যরা। হসপিটালের জেনারেল ম্যানেজার Mrs. Amanda Larkin সমাজ সেবায় এগিয়ে আসার জন্য অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের কর্মকর্তাদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। বৃহত্তর ক্যার্বেলটাউন ক্রমবর্ধমান মুসলমানদের সংখ্যা ক্রমশঃ বৃদ্ধির ফলে অত্র এলাকায় একটি মসজিদের গুরুত্ব বৃদ্ধি পেয়েছে। অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার একটি মসজিদ ভিত্তিক Community Centre Complex (মসজিদ, কমিউনিটি হল, খেলাধূলার হলসহ অন্যান্য) প্রতিষ্ঠার জন্য নিরলসভাবে দীর্ঘদিন অবিরাম কাজ করে যাচ্ছে। এ প্রকল্পে বাংলাদেশীদের সরাসরি সহযোগিতার প্রয়াসে বিভিন্ন কর্মসূচী বিশেষ করে মুসলিম ধর্মীয় গুরুত্বপূর্ণ দিবসগুলি পালন করে আসছে। ঈদের জামাত, কোরবানী, বাংসরিক নামাজের ক্যালেন্ডার ও ঈদ আনন্দ উৎসবের অনুষ্ঠানগুলি অত্যন্ত সাফল্যের সাথে সম্পন্ন করেছে। এছাড়াও বাংলাদেশের সিডর ও ঘূর্ণিবাড়ে ক্ষতিগ্রস্ত দের সহায়তা, সমাজসেবায় নিয়োজিত আনন্দুমানে মফিদুল ইসলাম ও সলিমুল্লাহ এতিমথানায় অর্থ প্রদানের মাধ্যমে অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার মানবতা সেবায় বিশেষ অবদান রেখে চলেছে।



ক্যাপশন: বা থেকে Mrs. Amanda Larkin, মোফাজ্জল ভূইয়া, ড. আবু ওমর ফারুক আহমদ, ড. আনিষুল আফছার
ও Mrs. Rebecca Tyson.